

অনিয়মের অভিযোগে ঢাবি কম্পিউটার এসোসিয়েশন বন্ধ ঘোষণা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৥ বিভিন্ন অনিয়মের অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কার্জন হলের কম্পিউটার এসোসিয়েশন বন্ধ করে দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে কোন রকম অনুমতি না নেয়া, আর্থিক কেলেংকারী, বেশী অর্থ নিয়ে বাইরের শিক্ষার্থীদের ভর্তি করা, বাণিজ্যিকভাবে বিশ্ববিদ্যালয়ের মনোপ্রাণ বিভিন্ন জায়গায় ব্যবহার করাসহ বিভিন্ন অভিযোগে কম্পিউটার এসোসিয়েশন বন্ধ করে দেয়া হয়েছে। (১০ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

গত বছর এ কম্পিউটার এসোসিয়েশন বিশ্ববিদ্যালয়ের মনোপ্রাণ ব্যবহার করে পত্রিকায় ভর্তির বিজ্ঞাপন দিলে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ হয়। এসময় রেজিস্ট্রার মোঃ সেলিম এক চিঠির মাধ্যমে কম্পিউটার এসোসিয়েশনের সভাপতি খায়রুজ্জামান চৌধুরীকে মনোপ্রাণ ব্যবহার না করার জন্য বলেন। কম্পিউটার এসোসিয়েশনের প্রাক্তন কয়েকজন ছাত্র এ বিষয়ে বলেন, এখানে পূর্বে ভালোভাবে কম্পিউটার শেখানো হলেও এখন তেমন কিছুই হয় না।

রাষ্ট্র ও
মোশরিরফ
নে বিশ্ববিদ্যালয়
মিষ্টির-মহাসদস্য
জা-প্রাণ-অনুষ্ঠানে
নুষ্ঠান-মন্ত্রী-উঃ-কপকর
ন ও-উঃ-আজাদ-হাফিজ
ন বারডেমের-ক্রিনিকল
গবেষণা ও এক্সডেমী-পরিচালক
উঃ-হাজেরা-মাহতার-এবং পি
গের-কোর্স-পরিচালক-অধ্যাপক-এম-এম-
করমত-আলী-এ-প্রেস-বিজ্ঞাপ্ত

অনিয়মের অভিযোগ

(৩য় পৃঃ পর)

অনিয়মের অভিযোগে গঠিত এক তদন্ত কমিটির সুপারিশে গত মঙ্গলবার কম্পিউটার এসোসিয়েশনে ভালা ঝুলিয়ে দেয়া হয়। আড়াই বছর পূর্বে কার্জন হলের ছাত্রীদের কমনরুমে কম্পিউটার এসোসিয়েশনের এই কার্যক্রম শুরু হয়। বাইরের ছাত্র-ছাত্রীদের কাছ থেকে দ্বিগুণের বেশী টাকা নিয়ে এখানে ভর্তি করানো হতো এবং সার্টিফিকেট প্রদান করা হতো বলে অভিযোগ রয়েছে।